রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, জানুয়ারি ১১, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ ভাদ্র ১৪২০/০১ সেপ্টেম্বর ২০১৩

**নং ৩৬.০৪৬.০২৩.০০.০০.০০২.২০১০-৫৮৩**—উন্নয়নশীল দেশে দ্রুত ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন এবং সামাজিক অগ্রগতির একটি অপরিহার্য পূর্বশর্ত হচ্ছে শিল্পায়ন। অর্থনীতির আধুনিকায়ন ও কাঠামোগত রূপান্তর, অর্থনৈতিক ভিত্তির বৈচিত্রায়ন, ক্রমবর্ধমান উৎপাদনশীলতা অর্জন, বাহ্যিক ব্যয় সংকোচন, প্রযুক্তিগত অগ্রগতি, ত্বরিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, কর্মসংস্থান সৃষ্টি এবং জনগণের আয় ও জীবনযাত্রার মান উন্নয়ন ইত্যাদি হচ্ছে শিল্প উন্নয়নের সর্বজনস্বীকৃত নির্ণায়ক। জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদানের স্বীকৃতি প্রদান, প্রণোদনা সৃষ্টি এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে প্রতিবছর শিল্প মন্ত্রণালয় কর্তৃক **রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার** প্রদান করা হবে এবং এ লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশাবলী জারি করা হলোঃ

## রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান সংক্রান্ত নির্দেশনাবলী, ২০১৩

**১. ক্ষেত্র নির্ধারণ**

শিল্প ক্ষেত্রে অবদান সাপেক্ষে বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির এবং হাইটেক শিল্পের সাথে জড়িত কোন শিল্প উদ্যোক্তা বা শিল্প প্রতিষ্ঠানকে রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান করা হবে। জাতীয় শিল্পনীতি-২০১০ এ শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞা ও শ্রেণীবিন্যাস অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির এবং হাইটেক শিল্প চিহ্নিত করা হবে।



**মূল্য ঃ** টাকা ১২.০০

**২. পুরস্কার প্রাপকের সংখ্যা নির্ধারণ ও বিবেচনাসূত্র**

জাতীয় শিল্পনীতি-২০১০ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের শ্রেণীবিন্যাস অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, কুটির, মাইক্রো ও হাইটেক মোট ছয় ক্যাটাগরির শিল্পের প্রতিটিতে তিন জন করে মোট ১৮ জন শিল্প উদ্যোক্তা/শিল্প প্রতিষ্ঠানকে প্রতিবছর এ পুরস্কার প্রদান করা হবে। শিল্প উদ্যোক্তা বিবেচনার ক্ষেত্রে শিল্প খাতে তাঁর সামগ্রিক অবদানকে বিবেচনা করা হবে। শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বার্ষিক টার্নওভার, আমদানি হ্রাস, আমদানি বিকল্প পণ্য উৎপাদন, স্থানীয় কাঁচামাল ব্যবহার, কর্মসংস্থান, সামাজিক দায়িত্ব পালন, পরিবেশ সংরক্ষণ প্রভৃতি ক্ষেত্রের অবদান বিবেচনা করা হবে। শিল্প উদ্যোক্তার ক্ষেত্রে মরণোত্তর পুরস্কারও দেয়া যাবে।

**৩. প্রস্তাব আহবান**

৩.১ শিল্প মন্ত্রণালয় প্রতি বছর মে-জুলাই মাসে জাতীয় দৈনিক পত্রিকা, মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং নোটিশবোর্ডের মাধ্যমে পুরস্কারের জন্য প্রস্তাব আহবান করবে।

৩.২ শিল্প উদ্যোক্তা বা শিল্প প্রতিষ্ঠান স্ব-উদ্যোগে নির্ধারিত ফরমে (ফরম-ক) সরাসরি শিল্প মন্ত্রণালয়ে আনুষ্ঠানিক আবেদন প্রেরণ করবে।

৩.৩ কোন শিল্প উদ্যোক্তা বা উদ্ভাবকের পক্ষে সাদা কাগজে তার পক্ষে অন্য কেউ আবেদন করতে পারবেন। পরবর্তীতে শিল্প মন্ত্রণালয় সংশ্লিষ্ট ব্যক্তি আগ্রহী হলে তার নিকট হতে নির্ধারিত ছকে তথ্যসমূহ সংগ্রহ করে বিবেচনার জন্য কমিটির নিকট উপস্থাপন করবে।

৩.৪ শিল্প মন্ত্রণালয় সংশ্লিষ্ট মূল্যায়ন কমিটির নিকট প্রস্তাব উপস্থাপন করবে।

**৪. সংক্ষিপ্ত তালিকা প্রস্তুতকরণ**

শিল্প উদ্যোক্তা/শিল্প প্রতিষ্ঠান নির্বাচনের মানদণ্ড শিল্প মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনসমূহ নিম্নোল্লিখিত মানদণ্ডের ভিত্তিতে মোট ১০০ নম্বরে মূল্যায়ন করা হবে ঃ

| | | |
|---|---|---|
| (১) | বার্ষিক টার্নওভার | ১২ |
| (২) | জাতীয় কোষাগারে নিয়মিত মূল্যসংযোজন কর ও শুল্ক পরিশোধ | ১০ |
| (৩) | শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর | ০৫ |
| (৪) | দেশীয় কাঁচামাল ব্যবহার | ১০ |
| (৫) | কর্ম সংস্থান | ০৫ |
| (৬) | রপ্তানী আয় ও আমদানি বিকল্প পণ্য উৎপাদন | ১০ |
| (৭) | শ্রমিক প্রশিক্ষণ ও কল্যাণের জন্য গৃহিত পদক্ষেপ | ০৮ |
| (৮) | সামাজিক দায়িত্ব পালন(CSR) | ০৫ |
| (৯) | শ্রমিকের নিরাপত্তা বিধান | ০৫ |
| (১০) | পরিবেশ সংরক্ষণ | ১০ |
| (১১) | নব উদ্ভাবন | ০৫ |
| (১২) | পণ্যমান/ব্যবস্থাপনা সিস্টেম সার্টিফিকেশন | ০৫ |
| (১৩) | মাননিয়ন্ত্রণ পরীক্ষাগার | ০৫ |
| (১৪) | উন্নয়ন ও গবেষণা | ০৫ |
| | | মোটঃ ১০০ |

**৫.** আবেদন মূল্যায়ন কমিটি প্রাপ্ত আবেদনসমূহ মূল্যায়নের ভিত্তিতে চূড়ান্ত তালিকা প্রস্তুত করবে। প্রতিবছর আগস্ট-সেপ্টেম্বর মাসে এ তালিকা চূড়ান্ত করা হবে।

**৫.১ আবেদন মূল্যায়ন কমিটি গঠন ঃ**

| | |
|---|---|
| অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয় | আহবায়ক |
| যুগ্মসচিব (স্বস)/অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| যুগ্মসচিব, অর্থ বিভাগ | সদস্য |
| যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| যুগ্মসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| যুগ্মসচিব, আইন ও বিচার বিভাগ | সদস্য |
| জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| বিনিয়োগ বোর্ডের প্রতিনিধি (নির্বাহী চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| পরিচালক, বিসিআইসি (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| পরিচালক, পরিবেশ অধিদপ্তর (মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি (জি এম পর্যায়ের) | সদস্য |
| অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| পরিচালক, এফবিসিসিআই (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| পরিচালক, বিআইডিএস (মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| পরিচালক, বিসিআই (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| যুগ্মসচিব/উপসচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**৫.২ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি ঃ**

| | |
|---|---|
| মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | আহবায়ক |
| মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, আইন ও বিচার বিভাগ | সদস্য |
| সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| চেয়ারম্যান, এফবিসিসিআই | সদস্য |
| চেয়ারম্যান, বিসিআই | সদস্য |
| অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**৬. মনোনয়ন যোগ্যতা ও শর্ত ঃ**

৬.১ শিল্প প্রতিষ্ঠান বাংলাদেশে স্থাপিত হতে হবে।

৬.২ শিল্প ক্ষেত্রে সামগ্রিক অবদান সন্তোষজনক হতে হবে।

৬.৩ নিয়মিত কর পরিশোধ করতে হবে।

**৭. মনোনয়নের অযোগ্যতা ঃ**

৭.১ কোন শিল্প উদ্যোক্তা বা/এবং শিল্প প্রতিষ্ঠান এ নীতিমালার অধীন মনোনয়নের জন্য যোগ্য বিবেচিত হবেন না, যদি—

৭.১.১ কোন ফৌজদারী অপরাধের জন্য কোন ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক দণ্ডিত হন কিংবা তার বিরুদ্ধে কোন ট্রাইব্যুনাল বা আদালতে উক্তরূপ কোন মামলা চলমান থাকে, এবং

৭.১.২ শিল্প উদ্যোক্তা বা/এবং শিল্প প্রতিষ্ঠান ঋণ খেলাপী, সরকারি বিল খেলাপী, কর খেলাপী হন।

**৮. মনোনয়ন পদ্ধতি ঃ**

**রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার** প্রদান সংক্রান্ত মূল্যায়ন কমিটি প্রতি বছর প্রাথমিকভাবে একটি তালিকা প্রণয়ন করবে এবং তালিকায় অন্তর্ভুক্ত কোন ব্যক্তি—

৮.১ শুল্ক, মূল্য সংযোজন কর কিংবা আয়কর প্রদান করেছেন কিনা, তৎসম্পর্কিত তথ্যাদি জানাবার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের নিকট তালিকার একটি কপি প্রেরণ করবে।

৮.২ মূল্যায়ন কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মন্তব্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে।

৮.৩ প্রার্থী ফৌজদারী অপরাধের জন্য কোন আদালত কর্তৃক দণ্ডিত কিংবা কোন মামলা তদন্তাধীন/বিচারাধীন আছে কিনা, তৎসম্পর্কিত তথ্য জানার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট তালিকার একটি কপি প্রেরণ করবে।

৮.৪ মূল্যায়ন কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মন্তব্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে।

৮.৫ প্রার্থী ঋণ খেলাপী কিনা, তৎসম্পর্কিত তথ্যাদি জানাবার জন্য, বাংলাদেশ ব্যাংকের নিকট তালিকার একটি কপি প্রেরণ করবে।

৮.৬ মূল্যায়ন কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংক যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মন্তব্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে।

৮.৭ প্রার্থী বিল খেলাপী কিনা, তৎসম্পর্কিত তথ্যাদি জানাবার জন্য, পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ও স্থানীয় সরকার কর্তৃপক্ষের নিকট তালিকার একটি কপি প্রেরণ করবে।

৮.৮ মূল্যায়ন কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ও স্থানীয় সরকার কর্তৃপক্ষ তাদের মন্তব্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে।

৮.৯ জাতীয় রাজস্ব বোর্ড, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ও স্থানীয় সরকার কর্তৃপক্ষ হতে প্রাপ্ত তথ্যাদি এবং প্রার্থীগণের আবেদন যাচাই করে আবেদন মূল্যায়ন কমিটি মূল্যায়নের ভিত্তিতে পুরস্কারের শ্রেণীভিত্তিক তালিকা প্রণয়ন করে অনুমোদনের জন্য মনোনয়ন চূড়ান্তকরণ কমিটির নিকট সুপারিশ পেশ করবে।

৮.১০ আবেদন মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা পাবার পর মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি তদবিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করবে।

৮.১১ তালিকা চূড়ান্ত করার পর যদি দেখা যায় যে, কোন ব্যক্তি একই সাথে একাধিক ক্ষেত্রে নির্বাচিত হয়েছেন তা হলে উক্ত ব্যক্তির পছন্দমত যে কোন একটির জন্য পুরস্কার ঘোষণা করা যাবে।

৮.১২ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮.১৩ **রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার** প্রদানের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্তকৃত তালিকা সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হবে।

## ৯. পুরস্কারের বিবরণ ঃ

**রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার** হিসেবে একটি ট্রফি/ক্রেস্ট এবং একটি সম্মাননা পত্র প্রদান করা হবে।

## ১০. অনুষ্ঠান আয়োজন ও পুরস্কার প্রদান

১০.১ সাধারণত প্রতিবছর নভেম্বর-ডিসেম্বর মাসে পুরস্কার প্রদান করা হবে।

১০.২ শিল্প মন্ত্রণালয় পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজনে যাবতীয় দায়িত্ব পালন করবে।

১০.৩ শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

১০.৪ শিল্প মন্ত্রণালয়ের সচিব পুরস্কার বিতরণ অনুষ্ঠান পরিচালনা করবেন।

১০.৫ মরণোত্তর পুরস্কার অথবা যে ক্ষেত্রে প্রাপক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত হতে অপারগ সে ক্ষেত্রে পুরস্কার প্রাপকের স্ত্রী/স্বামী/যথাযথ উত্তরাধিকারী পুরস্কার গ্রহণের জন্য অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফাহিমুল ইসলাম**
উপসচিব।

ব্যক্তি/প্রতিষ্ঠান প্রধানের সত্যায়িত ছবি

**ফরম ‘ক’**

**[অনুচ্ছেদ-৪ দ্রষ্টব্য]**

**রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কারের জন্য আবেদন**

শিল্পের প্রকৃতি (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন)ঃ বৃহৎ ☐ মাঝারি ☐, ক্ষুদ্র ☐, কুটির ☐, মাইক্রো ☐ হাইটেক ☐

১। (ক) আবেদনকারীর নাম ঃ (বাংলায়)..................................................
(ইংরেজীতে)..............................................

(খ) পিতার নাম ঃ

(গ) মাতার নাম ঃ

(ঘ) স্ত্রী/স্বামীর নাম ঃ

(ঙ) জাতীয়তা ঃ

(চ) জাতীয় পরিচয়পত্র নং ঃ

(ছ) জন্ম তারিখ ঃ

(জ) পাসপোর্ট (যদি থাকে) ঃ ( নম্বর)..................ইস্যু তারিখ ও স্থান....................

(ঝ) টি আই এন ঃ ( নম্বর)...........................................................

(ঞ) ট্রেড লাইসেন্স ঃ ( নম্বর) (সর্বশেষ নবায়নের সত্যায়িত কপি)...................

(ট) ফোন, ফ্যাক্স ই-মেইল ঃ ফোন..............., ফ্যাক্সঃ ............মোবাইল................
ই-মেইল ..................

২। (ক) শিল্প প্রতিষ্ঠানের নাম ঃ ...................................................................

(খ) প্রতিষ্ঠানের ঠিকানা ঃ..................................................................

| অফিস | কারখানা |
|---|---|
| অফিসঃ.................................. | কারখানাঃ....................................... |
| ........................................... | ...................................... |
| .......................................... | ....................................... |
| টেলিফোন নম্বর ঃ | টেলিফোন নম্বর ঃ |
| ফ্যাক্স নম্বর ঃ | ফ্যাক্স নম্বর ঃ |
| ই-মেইল ঃ | ই-মেইল ঃ |

(গ) রেজিস্ট্রেশন নম্বর ............. রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নামঃ ..................

(ঘ) শিল্পের প্রকৃতি ঃ ম্যানুফ্যাকচারিং ☐, সেবামূলক ☐

(১) শিল্প প্রতিষ্ঠানের জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য ঃ

(২) নিয়োজিত জনবল সংখ্যা ঃ

(ঙ) সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিগত ৩ (তিন) অর্থ বছরের তথ্যাবলী * ঃ

(১) বার্ষিক টার্নওভারঃ

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | টার্নওভারের পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| | | মোট | |

* প্রমাণ পত্র সংযুক্ত করতে হবে।

(২) জাতীয় কোষাগারে মূসক, শুল্ক ইত্যাদি* জমাঃ

| ক্রমিক নং | অর্থ বছর | মূসক, শুল্ক ইত্যাদি বিবরণ | পরিশোধিত মূসক, শুল্ক (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| | | মোট | |

* প্রমাণ পত্র সংযুক্ত করতে হবে।

(৩) শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর*ঃ

ক) শিল্প উদ্যোক্তা কর্তৃক পরিশোধিত আয়কর ঃ টিআইএন নম্বরঃ ......................

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | পরিমাণ লক্ষ টাকায় |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| মোট | | | |

* প্রমাণ পত্র সংযুক্ত করতে হবে।

খ) শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়করঃ টিআইএন নম্বর ঃ ...................

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | পরিমাণ লক্ষ টাকায় |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| মোট | | | |

* প্রমাণ পত্র সংযুক্ত করতে হবে।

(৪) দেশীয় কাঁচামাল ব্যবহার*ঃ

| ক্রমিক নং | অর্থ বছর | কাঁচামালের বিবরণ | পরিমাণ | আর্থিক মূল্য লক্ষ টাকায় |
|---|---|---|---|---|
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| মোট | | | | |

* প্রমাণ পত্র সংযুক্ত করতে হবে।

৫। কর্মসংস্থান*ঃ

| ক্রমিক নং | অর্থ বছর | বিগত ৩ বছরে বছরওয়ারী কর্মসংস্থানের সংখ্যা | এ খাতে ব্যায়ের পরিমাণ (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| মোট | | | | |

* প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(৬) রপ্তানী আয় ও আমদানি বিকল্প শিল্প পণ্য উৎপাদন* ঃ

ক) রপ্তানী আয় ঃ

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | এ খাতে ব্যায়ের পরিমাণ (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| মোট | | | | |

* বাংলাদেশ ব্যাংক/ইপিবি কর্তৃক প্রদত্ত সনদ এ'সাথে সংযুক্ত করতে হবে।

খ) আমদানী বিকল্প পণ্য উৎপাদন* ঃ

| ক্রমিক নং | অর্থ বছর | আমদানী বিকল্প পণ্য উৎপাদন (বিবরণ ও পরিমাণ) | আমদানী বিকল্প পণ্যের আর্থিক মূল্য/বার্ষিক টার্নওভার (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| মোট | | | | |

* আমদানী বিকল্পপণ্যের বিবরণ, ব্যবহার ইত্যাদি তথ্য এ'সাথে সংযুক্ত করতে হবে।

(৭) শ্রমিক প্রশিক্ষণ ও কল্যাণের জন্য গৃহীত পদক্ষেপঃ

| ক্রমিক নং | অর্থ বছর | কল্যাণমূলক কাজের বিবরণ | কল্যাণমূলক কাজের আর্থিক মূল্য টাকায় |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| মোট | | | |

(৮) শ্রমিক নিরাপত্তার জন্য গৃহীত পদক্ষেপঃ

| ক্রমিক নং | অর্থ বছর | নিরাপত্তামূলক কাজের বিবরণ | নিরাপত্তামূলক কাজের আর্থিক মূল্য (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| মোট | | | |

(৯) সামাজিক দায়িত্ব পালন (CSR)ঃ

| ক্রমিক নং | অর্থ বছর | সামাজিক দায়িত্বের বিবরণ | আর্থিক মূল্য লক্ষ টাকায় |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| মোট | | | |

(১০) পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের জন্য গৃহীত ব্যবস্থাঃ

| **ক্রমিক নং** | **অর্থ বছর** | **পরিবেশ সংরক্ষণের বিবরণ** | **আর্থিক মূল্য লক্ষ টাকায়** |
|---|---|---|---|
| ১।<br>২।<br>৩। | | | |
| মোট | | | |

৩। **অন্যান্য তথ্য ঃ**

(১) শিল্প ক্ষেত্রে উদ্ভাবনের বিবরণঃ

(২) পণ্যমান/ব্যবস্থাপনা সিস্টেম সার্টিফিকেটঃ

(৩) উৎপাদিত পণ্যের মান নিয়ন্ত্রণ ব্যবস্থার বিবরণঃ

(৪) শিল্প প্রতিষ্ঠানে উন্নয়ন ও গবেষণা কার্যক্রম আছে কি না, থাকলে তার বিবরণঃ

(৫) পূর্বে কোন সম্মাননা পুরস্কার পেয়েছে কিনা, হ্যাঁ/না ঃ

(৬) পেয়ে থাকলে তার বিবরণ ঃ

(৭) প্রতিষ্ঠানটিতে প্রকৃত বিনিয়োগের পরিমাণ (লক্ষ টাকায়) ঃ

(৮) প্রতিষ্ঠানটির পরিশোধিত মূলধনের পরিমাণ (লক্ষ টাকায়) ঃ

(৯) ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ ব্যতীত ঃ

(১০) ব্যক্তি/প্রতিষ্ঠানের নিরীক্ষাকৃত হিসাব উদ্বৃত্তপত্র (সর্বশেষ ৩ বছরের) ঃ

(১১) ব্যক্তি কর্তৃক পরিশোধিত (প্রমাণপত্রসহ) করের পরিমাণ (সর্বশেষ ৩ বছরের) ঃ

(১২) আবেদনকারী কোন ফৌজদারী মামলার দণ্ডপ্রাপ্ত কিনা ঃ

(১৩) আবেদনকারীর বিরুদ্ধে কোন ফৌজদারী মামলা বিচারাধীন আছে কিনাঃ

(১৪) আবেদনকারী কিংবা তার প্রতিষ্ঠান কর, ঋণ ও বিল খেলাপী কিনা ঃ

## সত্যপাঠ

আমি ঘোষণা করছি যে, উপরে বর্ণিত যাবতীয় তথ্য সত্য। প্রদত্ত তথ্যাবলীর কোন একটি তথ্য মিথ্যা বা অসত্য বলে প্রমাণিত হয়, তাহলে আমার আবেদন বাতিলযোগ্য হবে। আমি আরও ঘোষণা করছি যে, আমি এবং আমার সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান পরিবেশ বিরোধী কোন কার্যক্রমের সাথে লিপ্ত নয়।

আবেদনকারীর স্বাক্ষর

তারিখঃ............................. ও যোগাযোগের ঠিকানা

প্রতিষ্ঠানের সীলমোহর

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd